

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP)
কারিগরি শিক্ষা অধিদপ্তর
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

স্মারক নং- এসটিইপি/প্রশা(১)/৪৫.০৬.০৩(স্কিলস কম্পিটিশন)/২০১৮- ৪৭৬

তারিখঃ সেপ্টেম্বর ২৪, ২০১৮

বিষয়: স্কিলস কম্পিটিশন ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো প্রসঙ্গে


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নধীন স্কিলস এ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (STEP) কর্তৃক আয়োজিত 'স্কিলস কম্পিটিশন ২০১৮' এর উদ্বোধনী অনুষ্ঠান আগামী ২৭ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ইনস্টিটিউশন অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) কাকরাইল, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এম.পি. উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জনাব কাজী কেরামত আলী এম.পি., মাননীয় প্রতিমন্ত্রী, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৩। বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত থাকবেন জনাব মোঃ সোহরাব হোসাইন, সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, জনাব অশোক কুমার বিশ্বাস, অতিরিক্ত সচিব ও মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এবং ড. মোখলেছুর রহমান, সিনিয়র অপারেসঙ্গ অফিসার, বিশ্ব ব্যাংক। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন জনাব মোঃ আলমগীর, সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪। এছাড়া দেশের খ্যাতনামা শিল্পকারখানার মালিক, বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ, ভেঞ্চার গ্রুপ, মেধাস্বত্ব সংরক্ষণ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ ও কারিগরি শিক্ষা পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তাগণ এ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন এবং উদ্বোধনী প্রকল্পগুলো পরিদর্শন করবেন বলে আশা করা হচ্ছে।

৫। এমতাবস্থায়, অনুষ্ঠানটি সফল করার লক্ষ্যে আপনার ফেডারেশনের আওতাভুক্ত প্রতিষ্ঠানসমূহের (তালিকা সংযুক্ত) প্রধানগণকে আপনার পক্ষ থেকে নিমন্ত্রণ প্রদান ও উপস্থিতি উৎসাহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হলো।


(এ বি এম আজাদ)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ৮১৮১৪৫৭

জনাব ফারুক আহমেদ
মহাসচিব
বাংলাদেশ এমপ্রয়্যার্স ফেডারেশন
মতিঝিল, ঢাকা।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
৩. অফিস কপি/মাষ্টার কপি।